# ঢাকা, দিনাজপুর, যশোর, সিলেট বোর্ড ২০১৮

## সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ১ | ১ | ৮ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।*

১. ► অষ্টম শ্রেণির ছাত্রী রোকাইয়ার বিয়ে হয় প্রতিষ্ঠিত ব্যবসায়ী আমান আহমেদের সাথে। বছর ঘুরতেই রোকাইয়ার কোল আলো করে জন্ম নেয় একটি পুত্র সন্তান। রোকাইয়ার গ্রামে এখনও অনেক নিরক্ষর নারী রয়েছে যারা শিশুদের অধিকার বিষয়ে সচেতন নয়।

ক. ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানের যাত্রা শুরু হয় কোন শিক্ষাবর্ষ হতে? ১

খ. সমাজবিজ্ঞান পাঠ মানুষের মাঝে সচেতনতা জাগ্রত করে।— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে রোকাইয়ার বিয়ে বাংলাদেশের কোন সামাজিক সমস্যাকে চিহ্নিত করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রোকাইয়ার গ্রামের সমস্যা প্রতিরোধে সমাজবিজ্ঞানের জ্ঞান বিশেষ ভূমিকা রাখতে পারে।— মূল্যায়ন কর। ৪

২. ► হাসফিয়া শীতকালীন ছুটিতে নানাবাড়ি বেড়াতে যায়। সকালে নানুর হাতে বানানো পিঠা খেয়ে সে নানার সাথে ঘুরতে বের হয়। তার নানা এলাকায় বেশ প্রভাবশালী ব্যক্তি। লোকজন বেশ আন্তরিকভাবে তার সাথে কথা বলে। কিন্তু এখানকার মানুষজন মোবাইল ফোন, ইন্টারনেট ব্যবহার করলেও এগুলোর ইতিবাচক ব্যবহার এখনও শিখেনি। এখনও মানুষের মাঝে অজ্ঞতা, কুসংস্কার বিদ্যমান, যা দেখে হাসফিয়া অবাক হয়।

ক. 'সমাজবিজ্ঞান সমীক্ষণ' গ্রন্থটি কার লেখা? ১

খ. 'মানবসৃষ্ট সবকিছুই সংস্কৃতি'।— উক্তিটি বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে বাংলাদেশের কোন সংস্কৃতি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সামাজিক অবস্থা সাংস্কৃতিক ব্যবধানের ফল।— বিশ্লেষণ কর। ৪

৩. ►




ক. নব্যপ্রস্তরীয় বিপ্লব কী? ১

খ. চাকার আবিষ্কার সভ্যতা বিকাশের অন্যতম ভিত্তি।— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের প্রত্নতাত্ত্বিক নিদর্শনসমূহ বাংলাদেশের কোন প্রত্নতাত্ত্বিক স্থানকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

https://teachingbd24.com

ঘ. উদ্দীপকের নিদর্শনসমূহ বাংলাদেশের সামাজিক ইতিহাসকে ধারণ করে। ব্যাখ্যা কর। ৪

৪. ► ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য বিজন বাংলাদেশের উত্তরাঞ্চলের একটি জেলার বাসিন্দা। সে অস্ট্রালয়েড নরবংশের অন্তর্ভুক্ত। বাবার মৃত্যুর পর বিজন ও তার ভাই বাবার সব সম্পত্তির মালিক হয়। তাদের কথা বলার নিজস্ব ভাষা আছে। বাংলাদেশের মধ্যাঞ্চলের একটি জেলায় বাস করে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য কণিকার পরিবার। মায়ের মৃত্যুর পর কণিকা সব সম্পত্তির মালিক হয়। তাদের নৃগোষ্ঠীর অধিকাংশ ধর্মান্তরিত।

ক. কোচ নৃগোষ্ঠীর ভাষা কী? ১

খ. ক্ষুদ্র নৃগোষ্ঠী নৃত্যের মাধ্যমে তাদের ঐতিহ্যকে তুলে ধরে।— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের বিজন বাংলাদেশের কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য? ব্যাখ্যা কর। ৩

ঘ. ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য হিসেবে কণিকার উত্তরাধিকার নীতি বিশ্লেষণ কর। ৪

৫. ► দৃশ্যপট-১: 'ক' নামক দেশের দুটি অংশের মধ্যে হাজার কিলোমিটারের ভৌগোলিক দূরত্ব। ধর্মীয় ঐক্যের ভিত্তিতে সৃষ্ট দেশটির মানুষের জীবনধারায় মিল নেই। দুই অংশের মধ্যে বৈষম্যও প্রবল। জাতীয় আয়ের সিংহভাগ পূর্বাঞ্চল হতে আসলেও পশ্চিমাঞ্চলের প্রভাবশালী শাসকগোষ্ঠী তা নিজেদের উন্নয়নে ব্যবহার করে।

দৃশ্যপট-২: ১৯৭১ সালের ৭ই মার্চ একটি ভাষণে ঘোষণা করা হয় "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম।"

ক. তমদ্দুন মজলিশ কী? ১

খ. বাংলাদেশের ইতিহাসে ১৯৭০ সালের নির্বাচনের তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকে দৃশ্যপট-১ বাংলাদেশের ইতিহাসের কোন ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্যপট-২ কীভাবে বাঙালি জাতিকে স্বাধীনতা সংগ্রামে উদ্বুদ্ধ করেছিল? বিশ্লেষণ কর। ৪

৬. ► কাশেম সাহেব বর্গাদারের মাধ্যমে জমি চাষ করান। জমির আয় থেকেই তিনি ছেলেমেয়েদের লেখাপড়া করান। গ্রামের যেকোনো বিচার-সালিশ, সিদ্ধান্ত গ্রহণে সবাই তাকে ডাকেন। তাঁর ছোট ভাই শফিক সাহেব উচ্চশিক্ষিত হয়ে গ্রামের একটি বিদ্যালয়ে শিক্ষকতা করছেন। পরে ইউনিয়ন পরিষদের নির্বাচনে তিনি চেয়ারম্যান নির্বাচিত হন। সেখানে কাশেম সাহেবের বর্গাদাররা নির্বাচনি মিছিল, মিটিং-এ অংশ নেয়।

ক. সামাজিক স্তরবিন্যাস কী? ১

খ. গ্রামীণ সমাজের সদস্যদের সমষ্টিগত চেতনা বলতে কী বুঝায়? ২

গ. সামাজিক স্তরবিন্যাসে কাশেম সাহেবের অবস্থান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে শফিক সাহেবের ক্ষেত্রে জ্ঞাতি সম্পর্কের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৭. ► গ্রামের প্রভাবশালী ব্যক্তি রশিদ চৌধুরী নিজ পরিবার নিয়ে গর্ববোধ করেন। তিন ছেলে, ছেলে বউ, নাতি-নাতনী নিয়ে তার বৃহৎ পরিবার। প্রচুর জমিজমা থাকলেও কেবল বর্গাদাররা চাষাবাদ করে। তার ছেলেরা শিক্ষিত এবং গ্রামেই ব্যবসা-বাণিজ্য করে। তার এক ছেলের স্ত্রী শিক্ষক। অন্য ছেলের স্ত্রী স্থানীয় ইউপি মেম্বার। রশিদ চৌধুরীর ছোট ছেলে সাকিব তার চাকুরিজীবী স্ত্রী ও দুসন্তানসহ শহরে বাস করেন।

ক. ক্ষমতার ভিত্তিতে পরিবার কয় ধরনের? ১

খ. লেভিরেট বিবাহের তাৎপর্য কী? ২

গ. উদ্দীপকে সাকিবের পরিবারের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রশিদ চৌধুরীর পরিবারটি সনাতন গ্রামীণ পরিবার থেকে ব্যতিক্রম।— বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

৮. ▶ ঘটনা-১: তরিন উচ্চ শিক্ষার জন্য যুক্তরাষ্ট্রের একটি বিশ্ববিদ্যালয়ে অনলাইনে আবেদন করে। বিশ্ববিদ্যালয়ে ভর্তির সব কার্যক্রমই সম্পন্ন করে অনলাইনে। পরিচিতিমূলক ক্লাসে সে দেখতে পায় বিভিন্ন দেশের শিক্ষার্থী। যারা তার মতো একই প্রক্রিয়ায় এখানে ভর্তি হয়েছে।

ঘটনা-২: সোহেল সাহেব উচ্চ শিক্ষা শেষে বাংলাদেশে খেলনা তৈরির কারখানা গড়ে তোলেন। চীন, জাপান, তাইওয়ান থেকে বিভিন্ন উপকরণ এনে তাঁর কারখানায় সমন্বয় করে খেলনা তৈরি করেন। তিনি বিভিন্ন দেশে খেলনা রপ্তানির কথা ভাবছেন।

ক. ই-গভর্নেন্স কী? ১

খ. সামাজিক পরিবর্তন হলো সমাজকাঠামোর পরিবর্তন।— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে ঘটনা-১ এ সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাবকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে ঘটনা-১ ও ঘটনা-২ বিশ্বায়নের প্রভাবেরই ফল।— বিশ্লেষণ কর। ৪

৯. ▶ স্লোগান-১: ছেলে হোক মেয়ে হোক দু'টি সন্তানই যথেষ্ট।

স্লোগান-২: আঠারোর আগে বিয়ে নয়,
বিশের আগে সন্তান নয়।

ক. জেন্ডার বৈষম্য কী? ১

খ. নিরক্ষরতা পরিবেশ দূষণের কারণ— ব্যাখ্যা কর। ২

গ. স্লোগান-১ কোন সামাজিক সমস্যাকে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. স্লোগান-২ এর সমস্যা সমাধানে তোমার যুক্তিভিত্তিক মতামত বিশ্লেষণ কর। ৪

১০. ▶ নিশ্চিন্তপুর গ্রামের রমেশ চাষাবাদ করেই জীবিকা চালাতো। গ্রামের কয়েক কিলোমিটার দূরে ইপিজেড গড়ে উঠায় রমেশ চাষাবাদ ছেড়ে ইপিজেডের কারখানায় কাজ নেয়। গ্রামে বাবা-মাকে রেখে পরিবারসহ ইপিজেড এলাকায় বাসা নেয়। কয়েক বছরের মধ্যেই ইপিজেড এলাকায় ঘনবসতি গড়ে উঠে। কারখানার বর্জ্য ফেলে নদীটির পানি কালো রঙ ধারণ করে। এলাকায় ডায়রিয়ার প্রকোপ দেখা দিয়েছে। অনেকেই শ্বাসকষ্ট।

ক. বিশ্বায়ন কী? ১

খ. নগরায়ণ মানুষের জীবনযাত্রা প্রণালিতে পরিবর্তন আনে— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রমেশের জীবনে যে পরিবর্তন তা সামাজিক পরিবর্তনের কোন উপাদানের ফল? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইপিজেড এলাকায় উদ্ভূত পরিস্থিতির সামাজিক প্রভাব বিশ্লেষণ কর। ৪

১১. ▶ দৃশ্য-১: সাজুদের এলাকার কয়েকটি গ্রামে শুকনো মৌসুমে চাষাবাদ ভালো হয় না। অনেকেই কর্মহীন অবসর সময় কাটায়। বর্তমানে গ্রামবাসী আশার আলো দেখতে পাচ্ছে। কারণ সরকারি সংস্থা BRDB এর উদ্যোগে এলাকায় গভীর নলকূপ বসানো হচ্ছে।

দৃশ্য-২: গ্রামের স্বাবলম্বী নারী সখিনা ও রাবেয়া স্থানীয় বেসরকারি সংস্থা থেকে টাকা নিয়ে নকশি কাঁথা সেলাই, বাঁশ ও বেতের বিভিন্ন জিনিস তৈরি করে বিক্রির জন্য শহরে পাঠাচ্ছে। গ্রামের অনেক নারী তাদের সাথে কাজ করছে।

ক. BARD এর পূর্ণরূপ কী? ১

খ. দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের ভূমিকা গুরুত্বপূর্ণ।— ব্যাখ্যা কর। ২

গ. দৃশ্য-১ এ সরকারি সংস্থার কোন কার্যক্রম গৃহীত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. দৃশ্য-২ এর সংস্থার কার্যক্রম বাংলাদেশের গ্রামীণ আর্থ-সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করবে — মূল্যায়ন কর। ৪

Teachingbd24.com

# সমাজবিজ্ঞান দ্বিতীয় পত্র

বিষয় কোড: ১ ১ ৮

সময়- ৩০ মিনিট

## বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

**নিচের উদ্দীপকটি পড়ে ১ ও ২ নং প্রশ্নের উত্তর দাও:**

ফুলতলী গ্রামের অধিকাংশ মানুষ কাজের খোঁজে শহরে এসে ভিড় জমাতো। বর্তমানে সেখানে প্রায় ১২টির মতো কারখানা গড়ে ওঠায় বেকারত্ব হ্রাস পেয়েছে। পাশাপাশি এলাকায় রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। গ্রামের নারীরাও এ কারখানাগুলোতে কাজ করছে।

১. উদ্দীপকে সামাজিক পরিবর্তনের কোন উপাদানের প্রভাব রয়েছে?
ক) নগরায়ণ　খ) শিল্পায়ন
গ) তথ্য-প্রযুক্তি　ঘ) বিশ্বায়ন

২. উদ্দীপকের পরিস্থিতির ফলাফল হতে পারে—
i. পরিবেশ দূষণ
ii. যৌথ পরিবার ব্যবস্থায় ভাঙন
iii. শিক্ষার হারের নিম্নগতি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

৩. সাংস্কৃতিক ব্যবধান তত্ত্বটি কে প্রদান করেন?
ক) অগবার্ন ও নিমকফ
খ) ডুর্খেইম ও ওয়েবার
গ) কার্ল মার্কস ও স্পেন্সার
ঘ) অগাস্ট কোঁৎ ও স্পেন্সার

৪. নিচের কোনটি নারীর নিরাপত্তাজনিত সমস্যা?
ক) বার্ধক্য　খ) নিরক্ষরতা
গ) যৌতুকপ্রথা　ঘ) পানি দূষণ

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ নং প্রশ্নের উত্তর দাও:**

শায়লার একমাত্র ছেলে ফয়সালের সাথে তার বোনের মেয়ে মিনার বিবাহ অনুষ্ঠিত হয়।

৫. উদ্দীপকে বর্ণিত বিবাহ কোন ধরনের?
ক) প্যারালাল কাজিন　খ) ক্রস কাজিন
গ) অন্তঃবিবাহ　ঘ) সরোরেট বিবাহ

৬. নিচের কোনটি বেসরকারি সংস্থা?
ক) BRDB　খ) BRAC
গ) BARD　ঘ) RDA

৭. সম্পত্তির উত্তরাধিকারের ভিত্তিতে পরিবারের ধরন কোনটি?
ক) মাতৃতান্ত্রিক　খ) পিতৃবাস
গ) নয়াবাস　ঘ) মাতৃসূত্রীয়

৮. বাংলাদেশের সমাজবিজ্ঞানের পথিকৃৎ কে?
ক) অজিত কুমার সেন
খ) আবুল ফজল
গ) রাধাকমল মুখার্জী
ঘ) এ. কে. নাজমুল করিম

৯. নিচের কোনটি বস্তুগত সংস্কৃতির উপাদান?
ক) যাত্রাপালা　খ) কবিতা
গ) জাতীয় সঙ্গীত　ঘ) স্মার্ট ফোন

১০. প্রত্নতত্ত্ব কী?
ক) অতীত সমাজের বিবরণ
খ) অতীতের ধ্বংসাবশেষ সম্পর্কিত পাঠ
গ) সংস্কৃতি সম্পর্কিত পাঠ
ঘ) অতীত ঘটনাবলির বিবরণ

**নিচের উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:**

ইমন শিক্ষাসফরে বাংলাদেশের একটি প্রত্নতাত্ত্বিক স্থান পরিদর্শন করে। নরসিংদী জেলায় অবস্থিত এই প্রত্নস্থানের দুর্গনগর, গর্তবসতি, ছাপাঙ্কিত রৌপ্যমুদ্রা, তাম্র শাসন, লৌহ নির্মিত হস্তকুঠার ইত্যাদি দেখে সে চমৎকৃত হয়।

১১. উদ্দীপকে কোন প্রত্নস্থানের কথা বলা হয়েছে?
ক) ময়নামতি　খ) পাহাড়পুর
গ) উয়ারী বটেশ্বর　ঘ) মহাস্থানগড়

১২. উদ্দীপকে বর্ণিত প্রত্ননিদর্শন থেকে প্রতীয়মান হয় এখানে—
i. ভূমিতে ব্যক্তি মালিকানা ছিল
ii. ব্রোঞ্জ ও তামা শিল্পের বিকাশ ঘটেছিল
iii. দ্রব্য বিনিময় প্রথার অস্তিত্ব ছিল
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii
গ) ii ও iii　ঘ) i, ii ও iii

১৩. ছয় দফাকে কেন বাঙালির মুক্তি সনদ বলা হয়?
ক) বঙ্গবন্ধু কর্তৃক "আমাদের বাঁচার দাবি" আখ্যায়িত করার কারণে
খ) আঞ্চলিক স্বায়ত্তশাসন ও অর্থনৈতিক মুক্তির দিক নির্দেশনা ছিল বলে
গ) বঙ্গবন্ধু কর্তৃক ছয় দফা ঘোষণা করা হয় বলে
ঘ) ছয় দফার প্রতি বাঙালীদের স্বতঃস্ফূর্ত জনসমর্থনের কারণে

১৪. বাংলাদেশের গ্রামীণ সমাজে কোন ধরনের পরিবার বেশি দেখা যায়?
ক) একক পরিবার　খ) যৌথ পরিবার
গ) মাতৃতান্ত্রিক পরিবার
ঘ) নয়াবাস পরিবার

১৫. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানে কোন শাসকের পতন ঘটে?
ক) ইয়াহিয়া খান　খ) আইয়ুব খান
গ) জুলফিকার আলী ভুট্টো
ঘ) মোনায়েম খান

https://teachingbd24.com

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:**
রিমি তার দাদার কাছ থেকে বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস শুনছিল। দাদা তাকে জানালেন তিনি তখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন এবং ছাত্ররাই প্রথম এই আন্দোলন গড়ে তোলে। দ্বিজাতি তত্ত্বের ভিত্তিতে গঠিত রাষ্ট্রে প্রথম এই অঞ্চলের মানুষ ধর্মীয় পরিচয় ত্যাগ করে ভাষার ভিত্তিতে ঐক্যবদ্ধ হয়।

**১৬. রিমির দাদা কোন আন্দোলনের কথা বলছিলেন?**
ক) ভাষা আন্দোলনের
খ) '৬৯ এর গণঅভ্যুত্থানের
গ) '৬২ এর শিক্ষা আন্দোলন
ঘ) ১৯৭১ এর মুক্তিযুদ্ধের

**১৭. এই আন্দোলন বাঙালি জনগোষ্ঠীকে—**
i. ধর্মীয় বিভেদ হ্রাসে উদ্বুদ্ধ করে
ii. নতুন জাতীয়তাবাদ বিকাশে ভূমিকা রাখে
iii. নতুন শিল্প-কারখানা গড়তে প্রেরণা দেয়
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৮. বাংলাদেশের গ্রাম এবং শহর সমাজের প্রধান পার্থক্য নির্দেশ করে কোনটি?**
ক) কৃষিজ ও অকৃষিজ পেশা
খ) সাংস্কৃতিক বিভাজন
গ) পরিবারের ধরন  ঘ) খাদ্যাভ্যাসের ভিন্নতা

**নিচের উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**
রিপন সাহেব একজন সরকারি কর্মচারী। ঢাকা শহরের কেন্দ্রস্থলে তার অফিস। কর্মক্ষেত্রে যেতে প্রায় তার দেরি হয়। যানবাহন এর আধিক্য ও দীর্ঘগতি এর কারণ।

**১৯. উদ্দীপকের পরিস্থিতি বাংলাদেশের নগর সমাজের কোন সমস্যাকে ইঙ্গিত করে?**
ক) পরিবেশ দূষণ
খ) রাজনৈতিক বিশৃঙ্খলা
গ) যানজট  ঘ) কর্মহীনতা

**২০. এ ধরনের সমস্যার কারণ কোনটি?**
ক) আর্থিক সংকট
খ) আবাসন সমস্যা
গ) অপরিকল্পিত নগরায়ণ
ঘ) যানবাহনের স্বল্পতা

**২১. চাচা ও চাচি কোন ধরনের জ্ঞাতি?**
ক) বৈবাহিক ও রক্ত সম্পর্কিত
খ) রক্ত সম্পর্কিত ও বৈবাহিক
গ) রক্ত সম্পর্কিত ও কাল্পনিক
ঘ) প্রথাগত ও বৈবাহিক

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও:**
বার্ষিক পরীক্ষা শেষে রাজু তার বাবার সাথে বান্দরবান বেড়াতে যায়। সেখানে সে দেখতে পায় পাহাড়ের গায়ে আগুন জ্বেলে পাহাড় পরিষ্কার করে স্থানীয়রা চাষাবাদ করে। এ পদ্ধতিতে তারা গর্ত করে একসাথে বিভিন্ন বীজ রোপণ করে।

**২২. উদ্দীপকে বর্ণিত চাষ পদ্ধতিটির নাম কী?**
ক) ধানচাষ  খ) উদ্যান চাষ
গ) জুম চাষ  ঘ) খামার চাষ

**২৩. এ সমাজের জনগোষ্ঠীর বৈশিষ্ট্য কোনটি?**
ক) পৃথক জীবনধারা
খ) সমতলের ন্যায় চাষাবাদ
গ) বাজারমুখী উৎপাদন
ঘ) চাষাবাদে যন্ত্রের ব্যবহার

**২৪. সামাজিক পরিবর্তন হচ্ছে সমাজের—**
i. কাঠামোগত রূপান্তর
ii. ব্যক্তিবর্গের সম্পর্কের পরিবর্তন
iii. মানবিক চাহিদার পরিপূরণ
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**২৫. বাংলাদেশের গ্রামীণ সমাজে পরিবার কাঠামোর পরিবর্তনের কারণ কোনটি?**
ক) ধর্মীয় প্রভাব
খ) সাংস্কৃতিক প্রভাব
গ) নগরায়ণ ও শিল্পায়নের প্রভাব
ঘ) রাজনৈতিক প্রভাব

**২৬. চাকমা সমাজে মৌজা প্রধানকে কী বলা হয়?**
ক) রাজা  খ) কারবারি
গ) হেডম্যান  ঘ) মন্ত্রি

**২৭. 'টাবু' প্রথা বলতে কী বোঝায়?**
ক) সামাজিক বিধি-নিষেধ
খ) ধর্মীয় বিধি-নিষেধ
গ) আইনগত বিধি-নিষেধ
ঘ) পারিবারিক বিধি-নিষেধ

**২৮. BRDB কখন গঠিত হয়?**
ক) ১৯৭০ সালে  খ) ১৯৭৫ সালে
গ) ১৯৮০ সালে  ঘ) ১৯৮৫ সালে

**২৯. বাংলাদেশে বিবাহের আইনগত বয়সসীমা কত বছর?**
ক) মেয়ে ১৬ ছেলে ২০
খ) মেয়ে ১৮ ছেলে ২১
গ) মেয়ে ১৮ ছেলে ২০
ঘ) মেয়ে ২১ ছেলে ২৪

**৩০. বিশ্বায়নের প্রভাব কোনটি?**
ক) অন্যরাষ্ট্রসমূহের নির্ভরশীলতা বৃদ্ধি
খ) রাজনৈতিক বিশৃঙ্খলার ব্যাপকতা
গ) দ্রুত জনসংখ্যা বৃদ্ধি
ঘ) বাজার ব্যবস্থার সংকোচন

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | ক | ৩ | ক | ৪ | গ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | খ |
| ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | গ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | খ | ৩০ | ক |

Teachingbd24.com

https://teachingbd24.com